**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-06-24** **Desk in Charge:**
**Time : 7-35 AM** **Compiling :**
**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, বারাসাত ও মথুরাপুর লোকসভা কেন্দ্রের দুটি বুথে আজ ফের ভোট গ্রহণ করা হচ্ছে।

২/ সাত দফায় লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই চূড়ান্ত পর্যায়ে চলেছে গণনার প্রস্তুতি।

৩/ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভোট পরবর্তী সন্ত্রাসের অভিযোগ উঠছে।

# পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সময়সীমা আরো বাড়িয়েছে নির্বাচন কমিশন।

৪/ উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন ভারী থেকে অতি ভারী বর্ষণের পূর্বাভাস আবহাওয়া দফতরের।

**************************************************************************

নির্বাচন কমিশনের নির্দেশ মতো কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে উত্তর ২৪ পরগণার বারাসাত লোকসভা কেন্দ্রের দেগঙ্গা বিধানসভার অন্তর্গত ৬১ নম্বর কদম্বগাছি সর্দার পাড়ার একটি এবং দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর লোকসভার কাকদ্বীপ বিধানসভার অন্তর্গত ২৬ নম্বর আড্ডিরমহল শ্রী চৈতন্য বিদ্যাপীঠ বুথে আজ পুনর্নির্বাচন হচ্ছে। ভোটগ্রহন শুরু হয়েছে সকাল সাতটায়, চলবে সন্ধে ৬-টা পর্যন্ত ।

বারাসত এবং মথুরাপুর লোকসভা কেন্দ্রে ভোট হয়েছিল গত শনিবার সপ্তম তথা শেষ দফায়। প্রসঙ্গত, ভোটগ্রহণ প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ উঠলে তা খতিয়ে দেখে পুনর্নির্বাচনের নির্দেশ দিতে পারে কমিশন। রিটার্নিং অফিসারদের কাছ থেকে পাওয়া রিপোর্টের ভিত্তিতেই কমিশনের এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, ডায়মন্ড হারবার কেন্দ্রের ২০০-র বেশি বুথে এবং মথুরাপুর কেন্দ্রের ১২টি বুথে পুনর্নির্বাচনের দাবি তুলে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছিল বিজেপি। তাঁদের অভিযোগ ওই বুথগুলিতে ভোটগ্রহণ স্বচ্ছ ভাবে হয়নি। অনেক বুথে অবাধে ছাপ্পা ভোট দেওয়া হয়েছে। কোনও কোনও বুথে কারচুপি হয়েছে সিসি ক্যামেরায়।

নিজেদের সাংগঠনিক ব্যর্থতা ঢাকতেই বিজেপি পুনর্নির্বাচন চাইছে বলে তৃণমূল কংগ্রেস কটাক্ষ করেছে।

*******************

সাত দফায় লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই চূড়ান্ত পর্যায়ে চলেছে গণনার প্রস্তুতি। আগামীকাল রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রের জন্য মোট ৫৫টি গননা কেন্দ্র থাকছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সেখানে মাইক্রো অবজারভার সহ ২৫ হাজার ভোট কর্মীকে নিয়োগ করার সিদ্ধান্ত হয়েছে। সকাল ৮'টা থেকে মোট ৪১৮টি কাউন্টিং হলে চার হাজার ৯৪৪টি টেবিলে তা গননা করা হবে। ভোটের কাজে যুক্ত থাকা কর্মীদের পোস্টাল ব্যালট গননার জন্যে ৮৬টি হল থাকছে। ৪৩৪ জন পুরুষ সহ মোট ৫০৭ জন প্রার্থীর ভাগ্য নির্ধারন করতে উত্তরবঙ্গের শীতলকুচি ও দিনহাটা বিধানসভা কেন্দ্রে সর্বাধিক ২৩ রাউন্ড ও চোপড়া কেন্দ্রে সবচেয়ে কম ৯ রাউন্ড গননা করা হবে। কলকাতা দক্ষিণ লোকসভা কেন্দ্রের জন্য সব থেকে বেশি ৭-টি কাউন্টিং সেন্টার রয়েছে। থাকছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। প্রথম স্তরে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা নিরাপত্তার দায়িত্বে থাকবেন। দ্বিতীয় স্তরে কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী এবং তৃতীয় স্তরে স্থানীয় থানার পুলিশ আধিকারিকরা।

মুখ্য নির্বাচন আধিকারিক ডক্টর আরিজ আফতাব জানিয়েছেন ৯২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে গণনা কেন্দ্রের নিরাপত্তায়।

*******************

আগামীকাল’ই অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশার বিধানসভা নির্বাচন এবং বেশ কয়েকটি বিধানসভার উপ নির্বাচনে ভোট গণনা করা হবে।

গণনার গতিপ্রকৃতি ও ফলাফল মিলবে নির্বাচন কমিশনের ওয়েবইসাইট- results.eci.gov.in (রেজাল্টস ডট ইসিআই ডট জিওভি ডট ইন)-এ।

এছাড়াও, ভোটার হেল্পলাইন অ্যাপের মাধ্যমেও মানুষ ফলাফল জানতে পারবেন।

*******************

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনার দিন- চৌঠা জুন (আগামীকাল) আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ নিবেদন, ‘জনমত ২০২৪ : কি বলছে ভোটের ফল’!

সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত ভোট গণনার গতি প্রকৃতি এবং ফলাফল বিশ্লেষণের এই অনুষ্ঠানে হাজির থাকবেন সাংবাদিক, রাষ্ট্রবিজ্ঞানী, অর্থনীতিবিদ, সমাজতাত্ত্বিক এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। আলোচনার ফাঁকেই শুনবেন নিয়মিত সংবাদ।

শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে ও DTH পরিষেবায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া পেজে।

ফল ঘোষণার পর সেদিনই রাত আটটা পাঁচ থেকে ন’টা পর্যন্ত শুনবেন বিশেষ আলোচনা, ‘জনতার রায়’।

ভোটের ফল নিয়ে সর্বশেষ খবর জানতে আগামীকাল অবশ্যই শুনুন, "জনমত ২০২৪ : কি বলছে ভোটের ফল এবং জনতার রায়।

*******************

সপ্তম দফার ভোট শেষ হতেই গণনা নিয়ে প্রস্তুতি শুরু করে দিয়েছে রাজনৈতিক দলগুলিও। গতকাল বিকালে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে দলের প্রার্থী, জেলা সভাপতি এবং দায়িত্বপ্রাপ্ত নেতাদের সঙ্গে বৈঠক করেছেন তৃণমূল কংগ্রেসের সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

অন্যদিকে, CPIM এবং কংগ্রেসও প্রার্থী এবং কাউন্টিং এজেন্টদের জন্য নির্দেশিকা জারি করেছে। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী গতকাল সাংবাদিক সম্মেলনে

বলেন, গণনা শেষ না-হওয়া পর্যন্ত গণনাকেন্দ্র না ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে দলের কর্মীদের।

কলকাতা ও লাগোয়া জেলার জনা ১৫ প্রার্থীকে নিয়ে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ নির্বাচন কমিশনে যাবেন বলে সূত্রের খবর। দলের তরফে একাধিক বিষয় কমিশনের সামনে তুলে ধরা হবে।

*******************

'গুজরাত কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন লিমিটেড' তাদের আমূল ব্র্যান্ডের দুধের দাম লিটার পিছু ২ টাকা বাড়িয়েছে। আজ থেকে সারা দেশে এই নতুন দাম কার্য্যকর হবে।

আমূলের ৫০০ মিলির মহিষের দুধ, আমূল গোল্ড এবং আমূল শক্তির দাম হবে যথাক্রমে ৩৬ টাকা, ৩৩ টাকা এবং ৩০ টাকা।

উৎপাদন এবং বণ্টনের খরচ বৃদ্ধি পাওয়ায় এই সিদ্ধান্ত বলে উৎপাদক সংস্থা জানিয়েছে। শেষ বার আমূলের দুধের দাম বৃদ্ধি পেয়েছিল ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে।

*******************

নির্বাচন পরবর্তী পরিস্থিতি সামাল দেওয়ার জন্য ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এই রাজ্যে রাখার সিদ্ধান্ত নিয়েছিল নির্বাচন কমিশন। ৬ই জুন পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে বলে আগে জানানো হলেও সেই নির্দেশকে কমিশন সংশোধন করে আগামী ১৯ শে জুন পর্যন্ত করেছে। এই রাজ্যে ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে রাখা হবে ভোট পরবর্তী পরিস্থিতিকে সামাল দেওয়ার জন্য।

এর মধ্যে CRPF-১১৫ কোম্পানি, BSF-১১৮ কোম্পানি, CISF-৭১, ITBP-৩৬, SSB-৬০ কোম্পানি থাকবে। গত বিধানসভার নির্বাচনের পরে হিংসাত্মক বেশ কিছু ঘটনার কথা মাথায় রেখে এবার কমিশন রাজ্যে কেন্দ্রীয় বাহিনী রাখার সিদ্ধান্ত নিয়েছে।

*******************

এদিকে, লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ পর্ব মিটতেই রাজ্যের বিভিন্ন জায়গা থেকে হিংসার খবর আসছে।

কলকাতা উত্তর লোকসভার বেলেঘাটা বিধানসভা এলাকায় বিজেপির বুথ এজেন্ট রমেশ সাউকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। একই কেন্দ্রে বিজেপি প্রার্থীর মহিলা বুথ এজেন্টকে শাসকদলের কর্মীরা ইট মেরে মাথা ফাটিয়ে দেয় বলে অভিযোগ। বেলেঘাটা অঞ্চলে অত্যাচারের ভয়ে ঘরছাড়া অনেক বিজেপি বুথ এজেন্ট ও কর্মী। বেহালার ১৪২ নম্বর ওয়ার্ডের বিজেপি কর্মী সোমনাথ দাসের উপর হামলা চালিয়ে তার বাড়িতে আগুন লাগিয়ে দেবার অভিযোগ উঠেছে। দক্ষিণ কলকাতার রাসবিহারীতে ১ নং মণ্ডলের এক বিজেপি কর্মী ও তাঁর পরিবারের সদস্যদের উপর হামলা চালানোর অভিযোগ উঠেছে তৃনমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় বিজেপি প্রার্থীর নির্বাচনী এজেন্ট প্রিয়াঙ্গু পান্ডের বাড়ির পাশের মাঠে বোমাবাজির অভিযোগ উঠেছে। যাদবপুরে এক CPIM প্রার্থীর বুথ এজেন্ট সহ দলীয় কর্মীদের মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। গতকাল সেখানে যান CPIM এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, যুবনেতা সৃজন ভট্টাচার্য্য।

এদিকে, পুলিশের বিরুদ্ধে অত্যাচারের অভিযোগ তুলে উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে। গতকাল নির্বাচনের দিন অশান্তির ঘটনার প্রেক্ষিতে সন্দেশখালি এক নম্বর ব্লকে সরবেড়িয়া থেকে বয়ারমারি পর্যন্ত ১৪৪ ধারা জারি রয়েছে। গতকাল সকাল থেকেই সন্দেশখালির আগারহাটির মন্ডল পাড়ায় গ্রামে ঢুকে অত্যাচারের অভিযোগ তুলে গ্রামবাসীরা পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান। একজন অভিযুক্তকে আটক করে নিয়ে যাওয়ার সময় পুলিশের গাড়ি থেকে অভিযুক্তকে ছিনিয়ে নেওয়া হলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। গ্রামবাসীদের ওপর পুলিশ লাঠিচার্জ করে বলেও অভিযোগ।

*******************

নির্বাচন পরবর্তী হিংসার জন্য রাজ্যের শাসক দলকে দায়ী করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন-

( বাইট- সুকান্ত )

সন্ত্রাসের অভিযোগ খারিজ করে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন বলেন, রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসের উপর আস্থা রেখেছেন।

( বাইট- শান্তনু )

*******************

রামকৃষ্ণ মিশনের সেবক হাউসে সন্ন্যাসীদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত প্রদীপ রায়ের তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। গতকাল তাকে জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হয়। ওই ঘটনার পরই প্রদীপ গা-ঢাকা দেয়। তাকে গ্রেফতার করতে অন্যান্য জেলার পাশাপাশি প্রতিবেশী রাজ্য বিহারেও তল্লাশি চালায় পুলিশ। শিলিগুড়ি জংশন বাসস্ট্যান্ড এলাকা থেকে প্রদীপ রায়কে গ্রেফতার করা হয়। এই হামলার ঘটনায় মোট ৭ জনকে গ্রেফতার করা হলো।

তবে, প্রদীপ রায়ের গ্রেফতারি 'লোক দেখানো' বলে শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ মন্তব্য করেছেন।

*******************

পুরুলিয়ার ঝাঁপড়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের রানীপুর রেল গেট লাগোয়া  এলাকায় এক ব্যক্তির অর্ধদগ্ধ দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয়রা রাস্তার পাশে একটি ঝোপের মধ্যে দেহটি পড়ে থাকতে দেখে থানায় খবর দেয়। অন্য কোথাও খুন করে দেহ ফেলে রেখে যাওয়া হয়েছে বলে অনুমান পুলিশের।

দেহটি ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

*******************

পশ্চিম বর্ধমানের কুলটির নিয়ামতপুর ফাঁড়ির চীনাকুড়ি সোদপুর এলাকায় একটি জলা জমি থেকে এক মহিলার পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। সুমন কুমারী নামে ওই মহিলা তিন নম্বর নুইয়া পাড়ার বাসিন্দা।

গত ২৮-শে মে প্রাতঃভ্রমণে বেরিয়ে তিনি বাড়ি ফেরেননি। থানায় নিখোঁজ ডায়রি করা হয় পরিবারের পক্ষ থেকে।

*******************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আরও অগ্রসর হয়ে উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছেছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর প্রভাবে আগামীকাল (৪ তারিখ) পর্যন্ত উত্তরবঙ্গে পাঁচ জেলা এবং উত্তর দিনাজপুরে ভারি বর্ষণের পূর্বাভাস রয়েছে। আবহাওয়া দফতরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন –

(বাইট- সৌরিশ)

******************************************************************